

বিজিএ/কাস/২০২৪/ ১৫৭

০২ সেপ্টেম্বর ২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয়ঃ রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের আগস্ট ২০২৪ মাসের বেতন-ভাতা পরিশোধের নিমিত্তে ঋণ সুবিধা পাওয়ার জন্য বিজিএমইএ'র প্রত্যয়ন পত্র প্রাপ্তির ক্ষেত্রে করণীয় বিষয় প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০ তারিখঃ ১/৯/২০২৪ এর ভিত্তিতে শ্রমিক-কর্মচারীদের আগস্ট ২০২৪ মাসের বেতন-ভাতা পরিশোধের নিমিত্তে ঋণ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে বিজিএমইএ'র প্রত্যয়নপত্র গ্রহণের জন্য নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

- ১। আপনার প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের মে, জুন, জুলাই-২০২৪ মাসের বেতন-ভাতাদি পরিশোধ হয়েছে মর্মে লিয়েন ব্যাংকের প্রত্যয়ন পত্র আবশ্যিক।
- ২। উক্ত তিন মাসের বেতন-ভাতা পরিশোধের স্যালারী সিটের সামারি ব্যাংক কর্তৃক সত্যায়িত করা আবশ্যিক।
- ৩। আপনার প্রতিষ্ঠানের মোট উৎপাদনের ন্যূনতম ৮০% রপ্তানি করা হয় মর্মে ব্যাংকের প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে।

ক্রমিক নং ১-৩ পর্যন্ত বর্ণনা সম্বলিত ব্যাংকের প্রত্যয়ন পত্র এবং ব্যাংক কর্তৃক সত্যায়িত স্যালারী সিটের সামারিসহ কোম্পানির লেটার হেড প্যাডে তিন হাজার টাকার মানি রিসিট এবং বিজিএমইএ'র হালনাগাদ মেম্বারশীপ সার্টিফিকেটসহ মহাসচিব বরাবরে আবেদন করতে হবে।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব